পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা

২০১৯-২০২০ থেকে ২০২৩-২৪ অর্থবছর

উপজেলা পরিষদ

বরিশাল সদর, বরিশাল।

❖ উপদেষ্টা

জনাব জাহিদ ফারুক
মাননীয় সংসদ সদস্য,
১২৩ বরিশাল - ৫

❖ সার্বিক সহযোগিতায়

জনাব আলহাজ্ব সাইদুর রহমান রিন্টু
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরিশাল সদর, বরিশাল।

জনাব মোঃ মাহবুবুর রহমান
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরিশাল সদর, বরিশাল।

জনাব রেহানা বেগম
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরিশাল সদর, বরিশাল।

❖ সহযোগিতায়/টিজিপি কমিটি

মোঃ মাহফুজুর রহমান
উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, বরিশাল সদর, বরিশাল।

সৈয়দ মাইনুল মাহমুদ
উপজেলা প্রকৌশলী
এলজিইডি, বরিশাল সদর, বরিশাল।

শারমিন সুলতানা
উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বরিশাল সদর, বরিশাল।

মোঃ বাবুল গাজী
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বরিশাল সদর, বরিশাল।

চৌধুরী মোহাম্মদ শওকত হোসাইন
সহকারী প্রোগ্রামার, আইসিটি, বরিশাল সদর, বরিশাল।

❖ সম্পাদনায়

মনিরুজ্জামান
উপজেলা নির্বাহী অফিসার, বরিশাল সদর, বরিশাল।

❖ কারিগরি সহযোগিতায়

মিলন কুমার রায়
ইউডিএফ, বরিশাল সদর, বরিশাল।
উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প বরিশাল সদর, বরিশাল।
মোঃ শরিফুল আলম
গোপনীয় সহকারী (সিএ)
উপজেলা পরিষদ, বরিশাল সদর, বরিশাল।

প্রকাশকাল

নভেম্বর, ২০১৯ খ্রিঃ।

❖ মুদ্রণে

সাইদুর রহমান রিন্টু
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বরিশাল সদর, বরিশাল

মুখবন্ধ

বরিশাল জেলাধীন বরিশাল সদর উপজেলা বাংলাদেশের একটি ঐতিহ্যবাহী এবং অন্যতম বৃহৎ উপজেলা। ১০ টি ইউনিয়ন ও একটি সিটি কর্পোরেশন নিয়ে এই উপজেলা গঠিত। বরিশাল সদর উন্নয়নের যে বিশাল সম্ভবনা রয়েছে, পরিকল্পিত উপায়ে উন্নয়ন কর্মকান্ড পরিচালনা করা গেলে উপজেলাটিকে দ্রুত উন্নয়নের শিখরে উপনীত করা সম্ভব। এর জন্য প্রয়োজন উপজেলা পরিষদের ক্ষমতায়ন।

মাননীয় প্রধানমন্ত্রী ও জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ ইতোমধ্যে উন্নয়নশীল দেশে উন্নীত হয়েছে এবং ২০২১ সালের মধ্যে বাংলাদেশ একটি মধ্যম আয়ের দেশ হিসেবে আত্মপ্রকাশ করবে। বাংলাদেশ উন্নয়নের জন্য স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহের মধ্যে উপজেলা পরিষদ সবচেয়ে গুরুত্বপূর্ণ স্তর। এই বিবেচনায় মাননীয় প্রধানমন্ত্রী উপজেলা পরিষদকে শক্তিশালী করতে সকল প্রচেষ্টা অব্যাহত রেখেছেন।

একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় একটি দক্ষ, শিক্ষিত ও বিজ্ঞান সম্মত নতুন প্রজন্ম গড়ে তুলতে উপজেলা পর্যায়ে সুশাসন নিশ্চিতকরণের গুরুত্ব অনস্বীকার্য। একটি ক্ষুধা ও দারিদ্র মুক্ত ডিজিটাল বাংলাদেশ গঠনে উপজেলার সমন্বিত পরিকল্পনা, উপজেলা পরিষদের নিজস্ব তহবিল, সরকারের অনুদান এবং বিভিন্ন বিভাগের সম্পদ সমূহ নিয়ে মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনার আওতায় এনে জনগণকে সঠিকভাবে সেবা প্রদানের মাধ্যমে দৃশ্যমান উন্নয়ন সম্ভব। এ বিষয়কে সামনে রেখে এবং উপজেলা পরিষদ আইনের নির্দেশনা অনুসরণ করে বরিশাল সদর উপজেলা পরিষদ ২০১৯-২০ থেকে ২০২৩-২৪ অর্থ বছরের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করেছে।

পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে কারিগরি সহযোগিতার জন্য ইউজিডিপি ও স্থানীয় সরকার বিভাগকে ধন্যবাদ জ্ঞাপন করছি। এছাড়া এই পরিকল্পনা প্রণয়নে অক্লান্ত পরিশ্রম করেছেন ইউজিডিপি প্রকল্পের বরিশাল সদর উপজেলার ইউডিএফ জনাব মিলন কুমার রায়। বইটি প্রণয়নে তথ্য দিয়ে সহায়তা করেছেন উপজেলায় কর্মরত সকল বিভাগ, এনজিও, ব্যাংক এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ। বইটি প্রকাশে উপজেলা প্রকৌশলী জনাব সৈয়দ মাইনুল মাহমুদ অক্লান্ত পরিশ্রম ও সার্বিক সহায়তা প্রদান করেছেন। উপজেলা নির্বাহী অফিসার জনাব মনিরুজ্জামান এই পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে সার্বিক তত্ত্বাবধান করেছেন। সকলকে উপজেলা পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানাচ্ছি।

বরিশাল সদর উপজেলার সার্বিক তথ্যচিত্র সম্বলিত পরিকল্পনা বইটি অত্র উপজেলার সমন্বিত উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে এই প্রত্যাশায়।

সাইদুর রহমান রিন্টু

জাহিদ ফারুক
জাতীয় সংসদ সদস্য
১২৩ বরিশাল - ৫

বাণী

উপজেলা পরিষদ স্থানীয় সরকারের একটি গুরুত্বপূর্ণ স্তর। মাঠ পর্যায়ে সরকারের পরিকল্পনা বাস্তবায়নে এই স্তর সমন্বয়কের ভূমিকা পালন করে। পাশাপাশি উপজেলা পর্যায়ে স্থানীয় উন্নয়ন নিশ্চিতকরণে চাহিদা ভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন করে থাকে।

গণতান্ত্রিক শাসন ব্যবস্থার সঙ্গে জনগণের অংশগ্রহণ, উন্নয়ন পরিকল্পনা এবং বাস্ড়বায়ন এই প্রত্যয় ৩ টি একে অপরের সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িত। প্রত্যয় ৩টি যখন একসূত্রে সম্মিলিতভাবে হিসেবে কাজ করে তখন উন্নয়ন হয় টেকসই। মনে রাখতে হবে উন্নয়ন পরিকল্পনা হলো উন্নয়নের কেন্দ্র বিন্দু যার একপাশে অবস্থান করে জন অংশগ্রহণ এবং অন্য পাশে বাস্তবায়ন। আবার প্রতিটি ক্ষেত্রেই প্রয়োজন জনগণের সক্রিয় অংশগ্রহণ যা নিশ্চিত করা গেলে আমাদের প্রত্যাশার সন্তোষজনক সমাপ্তি সম্ভব।

সুষম স্থানীয় উন্নয়নের লক্ষ্যে প্রতিটি উপজেলার নিজস্ব উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন। এ বিষয়টিকে বিবেচনায় রেখে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প -এর সহায়তায় বরিশাল জেলার বরিশাল সদর উপজেলা পরিষদ ২০১৯-২০ থেকে ২০২৩-২৪ অর্থ বছরের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করতে সক্ষম হয়েছে। রূপকল্প ২০২১ এর লক্ষ্যকে সামনে রেখে সুসংগঠিত উন্নয়ন পরিকল্পনার মাধ্যমে বরিশাল সদর উপজেলা পরিষদ জনগণের সেবায় আরও সম্পৃক্ত হতে পারবে বলে আমার বিশ্বাস।

বরিশাল সদর উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে কারিগরি সহায়তা প্রদান করায় আমি জাইকা বাংলাদেশ-কে ধন্যবাদ জানাচ্ছি। উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসারসহ সকল কর্মকর্তা-কর্মচারী যারা এই কর্মযজ্ঞে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নিরলস পরিশ্রম করেছেন তাদের সবাইকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি।

বরিশাল সদর উপজেলা পরিষদ এই পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার উপর ভিত্তি করে কার্যক্রম বাস্তবায়ন করে অনুসরণীয় দৃষ্টান্ত স্থাপন করতে সক্ষম হবে এই আমার প্রত্যাশা।

জাহিদ ফারুক

মুহাম্মদ ইয়ামিন চৌধুরী
বিভাগীয় কমিশনার
বরিশাল

বাণী

উপজেলা পরিষদ স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহের একটি গুরুত্বপূর্ণ স্তর। এই স্তরকে অধিক শক্তিশালী ও কার্যকর করার জন্য বর্তমান সরকার উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান "জাইকা বাংলাদেশ" এর সহযোগিতায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প গ্রহণ করেছে। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন ইউজিডিপির প্রধান উদ্দেশ্য হল "উপজেলা পরিষদের সার্বিক সমন্বয় সক্ষমতা" উন্নয়নের জন্য কাঠামো প্রতিষ্ঠা। উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা এবং স্থানীয় পর্যায়ে উন্নয়ন ও সেবা কার্যক্রম জোরদার করা।

এই প্রকল্পের আওতায় প্রশিক্ষণ, ভৌত অবকাঠামো উন্নয়নের মাধ্যমে উপজেলা পরিষদের হস্তান্তরিত দপ্তরসমূহের সক্ষমতা বৃদ্ধির জন্য সহায়তা করা হচ্ছে। একটি সমন্বিত উন্নয়ন পরিকল্পনার মাধ্যমে জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা কর্মচারী এবং জনগণ উপজেলার বিভিন্ন সমস্যা সমাধানে সম্মিলিতভাবে কাজ করবে। এর ফলে সুষ্ঠুভাবে সম্পদের ব্যবহার নিশ্চিত হবে এবং দক্ষতা, জবাবদিহিতা ও গণতন্ত্রের চর্চা বৃদ্ধি পাবে। এর ফলে সম্পদের অপচয় কমবে, উন্নয়নের ভিত টেকসই হবে এবং নারীসহ অনগ্রসর জনগণের উন্নয়ন সম্ভবপর হবে। বরিশাল সদর উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০১৯-২০ হতে ২০২৩-২৪) প্রণয়নের অভিজ্ঞতা কাজে লাগিয়ে বাংলাদেশের অন্যান্য উপজেলা পরিষদ তাদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করবে এবং সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করবে বলে আমি আশাবাদি। এই পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের সাথে সংশ্লিষ্ট উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসারসহ সকলকে আমার ধন্যবাদ ও শুভেচ্ছা জানাচ্ছি।

(মুহাম্মদ ইয়ামিন চৌধুরী)

এস, এম, অজিয়র রহমান
জেলা প্রশাসক
বরিশাল

বাণী

একটি দেশের উন্নয়ন কর্মকান্ড পরিচালনার প্রথম শর্ত সুষ্ঠু পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন। আর এ উদ্দেশ্যে বরিশাল সদর উপজেলা কর্তৃক পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০১৯-২০ হতে ২০২৩-২৪) প্রণয়নের উদ্যোগ প্রশংসার দাবিদার।

দেশের সার্বিক উন্নয়ন নির্ভর করে তৃণমূল পর্যায়ের উন্নয়নের ওপর। আর এই তৃণমূল পর্যায়ের উন্নয়ন করতে হলে গ্রাম, ওয়ার্ড এবং ইউনিয়ন ভিত্তিক সুষ্ঠু পরিকল্পনা প্রণয়ন অত্যন্ত প্রয়োজন। সুষ্ঠু পরিকল্পনা ছাড়া কোন কাজই সুন্দরভাবে করা সম্ভব নয়। সুষ্ঠু পরিকল্পনা এবং তার যথাযথ বাস্ড়বায়নের ওপর কাজের সফলতা নির্ভর করে। তৃণমূল পর্যায়ের উন্নয়নই সামগ্রিকভাবে দেশের উন্নয়ন। এজন্য প্রয়োজন দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রণয়ন। সে ক্ষেত্রে বরিশাল সদর উপজেলা কর্তৃক পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের উদ্যোগ নিঃসন্দেহে যুগোপযোগী পদক্ষেপ। বরিশাল সদর উপজেলা পরিষদ কর্তৃক পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের এই মহতী উদ্যোগের জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে জানাই আমার আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। এই পরিকল্পনার সফল বাস্তবায়ন এবং বরিশাল সদর উপজেলার সার্বিক উন্নতি কামনা করছি।

(এস, এম, অজিয়র রহমান)

মোঃ শহীদুল ইসলাম
উপ-পরিচালক, স্থানীয় সরকার
বরিশাল

বাণী

উপজেলা পরিষদ স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহের একটি গুরুত্বপূর্ণ স্তর। এই স্তরকে শক্তিশালী ও অধিকতর কার্যকর করতে বর্তমান সরকার উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান "জাইকা বাংলাদেশ" এর সহযোগিতায় 'উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পটি' হাতে নিয়েছে। এ প্রকল্পের আওতায় প্রশিক্ষণ, ভৌত অবকাঠামো উন্নয়ন ও কারিগরি সহায়তা প্রদানের মাধ্যমে উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধির জন্য সহায়তা করা হচ্ছে।

বরিশাল জেলার অন্তর্গত বরিশাল সদর উপজেলা পরিষদ তার সকল উন্নয়ন কর্মকান্ডের সুষ্ঠু বাস্তবায়নের জন্য 'উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প' এর সহায়তায় পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০১৯-২০ হতে ২০২৩-২৪) প্রণয়ন করেছে জেনে আমি খুবই আনন্দিত। একটি সুষ্ঠু পরিকল্পনা ব্যতীত কোন উন্নয়ন কাজই সফলতার সাথে সম্পন্ন হয় না। জন অংশগ্রহণে তৈরীকৃত এই পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা বিশেষ ভূমিকা রাখবে বলে আমি বিশ্বাস করি। পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের সাথে সংশ্লিষ্ট সকলকে আমার আন্তরিক ধন্যবাদ জানাই। সর্বোপরি উপজেলাবাসীর প্রতি রইল আমার আন্তরিক শুভেচ্ছা।

মোঃ শহীদুল ইসলাম

মনিরুজ্জামান
উপজেলা নির্বাহী অফিসার
বরিশাল সদর, বরিশাল

সম্পাদকীয়

সরকারের সকল স্তরে সুশাসন প্রতিষ্ঠা করতে হলে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা প্রয়োজন যা শুধুমাত্র একটি সুষ্ঠু পরিকল্পনা দ্বারা নিশ্চিত করা সম্ভব। স্থানীয় সরকারের একটি অন্যতম স্তর উপজেলা পরিষদের এখতিয়ারভূক্ত এলাকার উন্নয়নে একটি বাস্তবসম্মত সুষ্ঠু পরিকল্পনার অসীম গুরুত্ব রয়েছে।

একটি সুষ্ঠু পরিকল্পনার মাধ্যমে একটি উপজেলায় আগামী পাঁচ বছরে কি কি উন্নয়ন কার্যক্রম পরিচালনা করা হবে এবং অর্থের সংস্থান ও বাস্তবায়ন কিভাবে হবে তার সুনির্দিষ্ট নির্দেশনা প্রদান করা হয়ে থাকে। এতে সংশ্লিষ্ট দপ্তরসমূকে বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত সময়সীমা দেওয়া হয়; ফলশ্রুতিতে বিভিন্ন দপ্তরে তাদের স্ব স্ব প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত কর্মব্যস্ততা বৃদ্ধি পায় এবং সঠিক পরীবিক্ষণের মাধ্যমে বিভিন্ন প্রকল্প নির্ধারিত সময়ে বাস্তবায়ন করা সম্ভব হয়।

বরিশাল সদর উপজেলা পরিষদের ২০১৯-২০ থেকে ২০২৩-২৪ অর্থ বছরের প্রণীত এই পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নে আমি সকলের ঐকান্তিক সহযোগিতা কামনা করছি।

মনিরুজ্জামান

মোঃ মাহবুবুর রহমান
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বরিশাল সদর, বরিশাল

বাণী

জনগণের চাহিদা অনুযায়ী সেবা প্রদানে উপজেলা পরিষদ কার্যকর ভূমিকা পালন করে থাকে। কিন্তু সম্পদের সীমাবদ্ধতার কারণে উপজেলা পর্যায়ে জনগণের চাহিদা অনুযায়ী সেবা প্রদান করা অনেকটা কষ্টসাধ্য ব্যাপার। তাই উপজেলা পরিষদ এর নিজস্ব তহবিল, সরকারি অনুদান, এবং বিভিন্ন বিভাগের সম্পদসমূহ একটি দীর্ঘ মেয়াদী পরিকল্পনার আওতায় আনা গেলে জনগণ কাঙ্খিত সেবা পাবে এবং উন্নয়ন দৃশ্যমান হবে। কারণ সীমিত সম্পদ এবং পরিকল্পিত পদক্ষেপ কাঙ্খিত ফলাফল প্রাপ্তিতে অনুঘটকের কাজ করে।

আমাদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০১৯-২০ হতে ২০২৩-২৪) প্রণয়নে কারিগরি সহযোগিতার জন্য ইউজিডিপি, জাইকা ও স্থানীয় সরকার বিভাগকে ধন্যবাদ জ্ঞাপন করছি। এছাড়া এই পরিকল্পনা প্রণয়নে অক্লান্ত পরিশ্রম করেছেন ইউজিডিপি প্রকল্পের বরিশাল সদর উপজেলার ইউডিএফ জনাব মিলন কুমার রায়কে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

আমি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি উপজেলা নির্বাহী অফিসারসহ যে সব সরকারি কর্মকর্তা/কর্মচারীগণ এই পরিকল্পনা প্রণয়ন ও প্রকাশনায় সহযোগিতা করেছেন। কারণ তাদের সহযোগিতা ছাড়া এই পরিকল্পনা ও প্রকাশনা আলোর মুখ দেখতো কিনা সন্দেহ।

পঞ্চবার্ষিক পরিকল্পনা বইয়ে অনেক ত্রুটি বিচ্যুতি থাকতে পারে। যে কোন মূল্যবান পরামর্শ সাদরে গ্রহণযোগ্য যা উপজেলা বার্ষিক পরিকল্পনা বইকে আরো সমৃদ্ধ করবে।

মোঃ মাহবুবুর রহমান

রেহানা বেগম
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বরিশাল সদর, বরিশাল

বাণী

বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবেলায় মানসম্মত সেবা জনগণের দোর গোড়ায় পৌঁছে দেয়ার দৃঢ় অঙ্গিকার নিয়ে উপজেলা পরিষদের কার্যক্রম পরিচালিত হচ্ছে। উপজেলা পরিষদের উদ্যোগে ইউজিডিপি, জাইকা ও স্থানীয় সরকার বিভাগ এর সহযোগিতায় উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০১৯-২০ হতে ২০২৩-২৪) বই প্রকাশিত হতে যাচ্ছে যা আশার কথা। বরিশাল সদর উপজেলা পরিষদের জনপ্রতিনিধি হিসাবে নিজেকে ধন্য মনে করছি।

উপজেলার নারী সমাজের আর্থ সামাজিক উন্নয়নে নিজেকে নিবেদিত কর্মী হিসাবে গড়ে তোলার প্রচেষ্টা অব্যাহত রেখেছি। সকলের ঐকান্তিক প্রচেষ্টায় বরিশাল সদর উপজেলা পরিষদ একটি মডেল উপজেলা পরিষদ হবে এ আশা ব্যক্ত করছি।

পরিশেষে বার্ষিক পরিকল্পনা সাথে জড়িত সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন জানাই। আল্লাহ হাফেজ।

রেহানা **বেগম**

সৈয়দ মাইনুল মাহমুদ
উপজেলা প্রকৌশলী
এলজিইডি, বরিশাল সদর, বরিশাল

বাণী

সুষ্ঠু কর্মপরিকল্পনা উন্নয়নের সুন্দর পথ রচনা করে। উন্নয়নের জন্য সম্পদের সুষম বণ্টন, ব্যবহার ও কার্যকর কর্ম-পরিকল্পনা প্রণয়ন করা বিশেষ প্রয়োজন। স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ স্থানীয় পর্যায়ে উন্নয়নমূলক কার্যাবলী সম্পাদন করে থাকে। স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের মধ্যে উপজেলা পরিষদ উপজেলা পর্যায়ের সিংহভাগ উন্নয়নমূলক কার্যাবলী সম্পাদন করে থাকে। উক্ত উন্নয়ন কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য স্বল্প ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রণয়ন করার প্রয়োজনীয়তা অনস্বীকার্য। এ প্রেক্ষিতে উপজেলা পরিষদের নিজস্ব তহবিল, সরকারের অনুদান, বিভিন্ন দাতাগোষ্ঠীর অনুদান ও উপজেলায় হস্তান্তরিত বিভাগসমূহের সরকারী অনুদান এবং সম্পদের যৌথ ও যথাযথ প্রয়োগ নিশ্চিত কল্পে উপজেলা পরিষদ, বরিশাল সদর একটি পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০১৯-২০ হতে ২০২৩-২৪) প্রণয়ন করেছে।

তৃণমূল পর্যায়ে চাহিদা নিরূপণপূর্বক খাত ভিত্তিক পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন কার্যত রূপকল্প ২০২১ বাস্তবায়নের প্রথম ধাপ। এই বিষয় বিবেচনায় রেখেই বরিশাল সদর উপজেলা পরিষদ পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করেছে। পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রত্যেকটি কর্মসূচি ওয়ার্ড সভা কর্তৃক প্রণীত এবং উপজেলা কমিটি কর্তৃক সুপারিশকৃত, যা পরবর্তীতে উপজেলা পরিষদের সভায় অনুমোদিত হয়েছে। ফলে উক্ত কর্মসূচিগুলোতে জনগণের মতামত সম্পূর্ণরুপে প্রতিফলিত হয়েছে। পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার যথাযথ বাস্তবায়নের সুফল যাতে বরিশাল সদর উপজেলার জনগণ পেতে পারে এর সর্বাত্বক প্রচেষ্টা অব্যাহত থাকবে।

এই পরিকল্পনা প্রণয়নের সঙ্গে সম্পৃক্ত সকল জনপ্রতিনিধি, কর্মকর্তা ও কর্মচারীকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি। এই পরিকল্পনা প্রণয়ণের ক্ষেত্রে কারিগরী সহায়তা প্রদান করায় স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর মাধ্যমে উন্নয়ন সহযোগী সংস্থা জাইকাকে আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। তাদের এরূপ কারিগরি সহায়তার কারণেই এই পরিকল্পনা প্রণয়ন সম্ভব হয়েছে। আমি এই পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার সুষ্ঠু বাস্তবায়ন আন্তরিকভাবে কামনা করি।

সৈয়দ মাইনুল মাহমুদ

পঞ্চবার্ষিক পরিকল্পনার বিষয়বস্তু

ক্রমিক নং	বিষয়বস্তু	পৃষ্ঠা নং
১	ভূমিকা ও উপজেলা পরিচিতি	১৩-১৬
২	উপজেলার মানচিত্র	১৭-১৮
৩	জনসংখ্যাতাত্ত্বিক ও আর্থ - সামাজিক মৌলিক তথ্য ও উপাত্ত	১৯-২০
৪	পরিস্থিতি বিশ্লেষণ	২১-২৫
৫	বাজেটের সার- সংক্ষেপ	২৬
৬	হস্তান্তরিত বিভাগ কর্তৃক উপজেলায় বাস্তবায়িত গুরুত্বপূর্ণ উন্নয়ন কর্মসূচি	২৭-৩২
৭	রূপকল্প বিবরণী (পঞ্চবার্ষিক পরিকল্পনা থেকে)	৩৩
৮	পঞ্চবার্ষিক পরিকল্পনার লক্ষমাত্রা, উদ্দেশ্য ও অভিষ্ট	৩৩-৩৫
৯	পঞ্চবার্ষিক পরিকল্পনায় অগ্রাধিকারপ্রাপ্ত খাতসমূহ	৩৬
১০	পরিকল্পনা ফরম্যাট	৩৭-৪১
১১	পরিবীক্ষণ ও মূল্যায়ন পরিকল্পনা	৪২-৪৩
১২	উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা এবং স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক উপজেলা কমিটি, পিএসসি এবং টিজিপি কমিটির সদস্যদের তালিকা	৪৪-৪৫

ভূমিকা ও উপজেলা পরিচিতি

ভূমিকাঃ

সাধারণত পরিকল্পনা বলতে লক্ষ্য অর্জনের জন্য কর্ম পদ্ধতিকে বুঝায়। একটি সচেতন ও পদ্ধতিগত প্রচেষ্টা যা নির্দিষ্ট সময়ের মধ্যে দেশের বিবিধ সম্পদকে সুবিবেচিত ও সুস্পষ্টভাবে কাজে লাগিয়ে চাহিদা মাফিক লক্ষ্য অর্জনে সহায়ক ভূমিকা পালন করে। মূল কথা হলো পরিকল্পনা বলতে বর্তমান ও ভবিষ্যৎ অর্থনৈতিক কর্মকান্ডের মধ্যে সেতু বন্ধন সৃষ্টি করাকে বুঝায়। দেশের আর্থসামাজিক উন্নয়নের জন্য পরিকল্পনা প্রণয়ন করা হয়। পরিকল্পনার অন্যতম প্রধান বিষয়বস্তুর একটি হচ্ছে সম্পদের দক্ষ ব্যবহার। আধুনিক যুগে অর্থনৈতিক নীতি বিশেষত উন্নয়নের জন্য পরিকল্পনা প্রণয়ন করা রাষ্ট্রীয় কর্মকান্ডের একটি অবিচ্ছেদ্য অংশে পরিনত হয়েছে। পরিকল্পনা ছাড়া কোন জাতি বা দেশ বা সমাজ উন্নতির দিকে অগ্রসর হতে পারে না। পরিকল্পনা প্রণয়নে জাতীয় বা দেশ ভিত্তিক ফলাফল অর্জনের দিকে গুরুত্ব আরোপ করা হয় এবং নিম্ন থেকে উর্ধ্বমুখী পদ্ধতি অনুসরন করা হয়।

খাত ভিত্তিক পরিকল্পনার লক্ষ্যমাত্রার সাথে সংশ্লিষ্ট সকল উন্নয়ন খাতকে বিবেচনা পূর্বক স্থানীয় পর্যায়ে বরিশাল সদর উপজেলা পরিষদের পরিকল্পনা প্রণয়নের পদক্ষেপ গ্রহন করা হয়। সার্বিক উন্নয়নের লক্ষ্যে এলাকার খাত ভিত্তিক সমস্যা চিহ্নিতকরণ, চাহিদা নিরূপণ ও সমস্যা সমাধাণের নিমিত্তে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করার প্রয়োজনীয়তা অপরিসীম।

বরিশাল সদর উপজেলা পরিষদ স্থানীয় উন্নয়নের লক্ষ্যে উপজেলায় সকল তথ্য সম্বলিত একটি পঞ্চবার্ষিক পরিকল্পনা বই প্রণয়ন করেছে যা প্রণয়নের ক্ষেত্রে উপজেলা ইন্টিগ্রেটেড ক্যাপাসিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট, স্থানীয় সরকার বিভাগ সহায়তা করেছেন। উল্লেখ্য যে, উপজেলা পরিষদ আইন ২০০৯, পরিষদ তার এখতিয়ারভূক্ত যে কোন বিষয়ে তার তহবিলের সংঘতি অনুযায়ী পরিকল্পনাসহ বিভিন্ন মেয়াদী উন্নয়ন পরিকল্পনা প্রস্তুত ও বাস্তবায়ন করার বিধান উল্লেখ রয়েছে।

বরিশাল সদর **উপজেলা পরিচিতিঃ**

বরিশাল সদর উপজেলা বরিশাল শহর থেকে ২ কি.মি উত্তরে কিলোমিটার দক্ষিণে অবস্থিত। বরিশাল সদর উপজেলার অবস্থান ২০.৫৩ উত্তর অক্ষাংশ এবং ৯০.২১ পূর্ব দ্রাঘিমাংশের মধ্যে। উত্তরে বাবুগঞ্জ উপজেলা ও মুলাদি উপজেলা, পূর্বে মেহেন্দিগঞ্জ উপজেলা ও হিজলা উপজেলা, দক্ষিণে নলছিটি উপজেলা ও বরিশাল সদর উপজেলা এবং পশ্চিমে ঝালকাঠি সদর উপজেলা। ১৯৮২ সালে থানা হিসেবে এর কার্যক্রম শুরু হয়।

যোগাযোগঃ

যোগাযোগঃ

সড়ক পথেঃ বরিশাল-বাস স্টেশন (রূপাতলী, নথুল্লাবাদ) থেকে রিক্সায় বা অটোতে বরিশাল সদর উপজেলা পরিষদ ক্যাম্পাসে আসা যায় (দূরত্ব ০২ কি.মি) ।

প্রত্যাশাঃ

বরিশাল সদর উপজেলার সকল স্তরের জনগণের অংশগ্রহণের মাধ্যমে উপজেলা পরিষদের সকল বিভাগ ও ইউনিয়ন পরিষদকে সাথে নিয়ে এলাকার সার্বিক সমন্বিত টেকসই উন্নয়নকল্পে, বরিশাল সদর উপজেলার জনগনের প্রয়োজনীয় বাস্তব ভিত্তিক ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা বাস্ড়বায়ন করে একটি উন্নয়নকামী শক্তিশালী উপজেলা প্রতিষ্ঠা করা।

পরিকল্পনার উদ্দেশ্যঃ

বাংলাদেশের প্রায় অর্ধেক মানুষ দরিদ্র সীমার নিচে বসবাস করছে। জীবনের মৌলিক সুযোগ সুবিধায় তাদের প্রবেশাধিকার সীমিত। উপজেলা পরিষদে জনসাধরণের অবস্থা ও সারাদেশের জনসাধারণের অবস্থা খাত ভিন্নতর হয়। উপজেলা পরিষদ পঞ্চবার্ষিক কর্মপরিকল্পনার সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ নিম্নরুপঃ

ক) জনপ্রতিনিধিদের অংশগ্রহণে এলাকার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্ড়বায়নের মাধ্যমে বরিশাল সদর উপজেলা পরিষদের স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতকরণ ও পরিষদের দক্ষতা বৃদ্ধি সাধন।

খ) আপমর জনগনের চাহিদা মোতাবেক সেবা সরবরাহ নিশ্চত করনের লক্ষ্যে জাতি গঠনমূলক প্রতিষ্ঠান সমুহের সাথে উপজেলা পরিষদের অংশীদারিত্ব সৃষ্টি করে।

গ) পরিকল্পিত সেব ও সহযোগিতা প্রদানের মাধ্যমে এলাকার সেচ ব্যবস্থাপনা, নিষ্কাশন, শষ্য, প্রাণিসম্পদ, মৎস্য ইত্যাদির উৎপাদনশীলতা বৃদ্ধি করা।

পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়া ও কৌশলঃ

পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়ার কতগুলো ধাপ অনুসরন করা হয়েছে। যার মধ্য দিয়ে বরিশাল সদর উপজেলা পরিষদ একটি পঞ্চবার্ষিক পরিকল্পনার বই প্রণয়ন করতে সক্ষম হয়েছে।

স্থানীয় সরকার (উপজেলা পরিষদ) আইন, ২০০৯ এর ৪২ নং অনুচ্ছেদে জন অংশগ্রহণমূলক পরিকল্পনা প্রণয়নের বিধার রয়েছে। সে লক্ষ্যে বরিশাল সদর উপজেলা পরিষদের একটি পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের উপর গুরুত্বারোপ করা হয়।

উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর কারিগরি সহযোগীতায় বরিশাল সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসারসহ সকল কর্মকর্তা ও জনপ্রতিনিধিকে উপজেলা পর্যায়ে ১ দিনের প্রশিক্ষণ প্রদান করা হয়।

পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে সকল স্থায়ী কমিটির মাধ্যমে হস্ড়ান্ড়রিত বিভাগ সমূহের তথ্য ও পরিকল্পনা গ্রহণ করা হয় এবং সকল ইউনিয়ন পরিষদ ও অহস্ড়ান্ড়রিত বিভাগ সমূহের তথ্য ও পরিকল্পনা সংগ্রহ করা হয়। এরপর উপজেলা অর্থ ও বাজেট কমিটি প্রকল্প বাছাই কমিটি ও পরিকল্পনা বিষয়ক কারিগরি কমিটি এর সহযোগিতায় উলে- খিত পরিকল্পনা ও তথ্য নিয়ে পরপর কয়েকটি সভার মাধ্যমে একটি খসড়া পঞ্চবার্ষিক পরিকল্পনা বই প্রণয়ন করেন। অতঃপর উক্ত খসড়া পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা বইটি পরিষদের বিশেষ সভায় পর্যালোচনা করা হয় এবং কিছু সংশোধনী সাপেক্ষে তা অনুমোদন করা হয়। অতঃপর উক্ত পরিকল্পনা বইয়ের গঠন কাঠামো ও অন্যান্য বিষয়াদি নিয়ে উপজেলা মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করা হয়। পঞ্চবার্ষিক পরিকল্পনা বইটি তৈরী করতে পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়ায় নিম্নে উলে- খিত ধাপ অনুররন করা হয়েছে।

তথ্য সংগ্রহ ও পরিকল্পনা প্রণয়নে সাংগঠনিক প্রক্রিয়া



ক) পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের জন্য কর্মশালা অনুষ্ঠানের মধ্য দিয়ে পরিষদের সভায় অনুমোদন সাপেক্ষে উপজেলা পরিষদ দক্ষ ও যোগ্য সরকারি কর্মকর্তাদের নিয়ে একটি পরিকল্পনা বিষয়ক কারিগরি কমিটি গঠন করা হয়েছে।

খ) পরিকল্পনা বিষয়ক কারিগরি কমিটিতে সম্পদের উৎস্য এবং অর্থ প্রবাহ পর্যালোচনা হয়েছে। পরবর্তীতে এই কমিটি সংশি-ষ্ট উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটির পরামর্শ নিয়ে একটি সম্পদের চিত্র তৈরী করে পরিষদে খসড়া সমন্বিত পরিকল্পনা তৈরী করতে সহায়তা করেছে এবং বাজেট তৈরীতে সহায়তা করেছে।

গ) উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটিকে সক্রিয় ও সরকারি জনবলকে দায়িত্বশীল করে অংগ্রহণমূলক আলোচনার মাধ্যমে খাত ভিত্তিক সমস্যা চিহ্নিতকরণ ও চাহিদা নিরূপণ করা হয়েছে।

ঘ) পরিকল্পনা বিষয়ক কারিগরি কমিটি খসড়া পঞ্চবার্ষিক পরিকল্পনাটি নিয়ে পুনরায় আলোচনা করে উপজেলা পরিষদে সদস্য, উপজেলা পর্যায়ের সরকারি কর্মকর্তাদের আহ্বান করা হয়েছে। সভায় অংশগ্রহণকারীদের মতামত শুনে সর্বশেষ উপজেলা পরিষদ পরিকল্পনাটি চুড়ান্ড় অনুমোদন প্রদান করেন।

পরিকল্পনা বাস্ড়বায়ন কৌশলঃ

ক) ২০২১ সালের মধ্যে এমডিজি লক্ষ্যমাত্রা অর্জন

খ) সরকারী অন্যান্য বিভাগের সাথে সম্পুরক/পরিপুরক প্রকল্প গ্রহণ

গ) উপজেলা, ইউনিয়ন পরিষদ, এনজিও এবং ব্যক্তির মধ্যে সম্পদের ও প্রকল্পের সমন্বয় সাধন।

সীমাবদ্ধতাঃ

বরিশাল সদর উপজেলা পর্যায়ের পঞ্চবার্ষিক পরিকল্পনা বই হিসেবে এর কিছু সীমাবদ্ধতা রয়েছে। এগুলো নিম্নরূপ ঃ

১. উপজেলা পর্যায়ে বিভিন্ন সেক্টরের তথ্যের ঘাটতি রয়েছে বিধায় সংশি- ষ্ট সেক্টরের বর্তমান অবস্থা বিশে- ষণ করে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা অনেক কষ্টকর ছিলো। উপজেলা পর্যায়ে বইটি তৈরী করতে গিয়ে অভিজ্ঞতার ঘাটতি পরিলক্ষিত হয়। এ ব্যাপারে যথেষ্ট জনসচেতনতার অভাব এবং দৃষ্টিভঙ্গি সীমাবদ্ধতা প্রতীয়মান হয়। সময় স্বাল্পতা একটি অন্যতম সীমাবদ্ধতা হিসেবে পরিগনিত হয়।

২. পরিকল্পনা বই প্রণয়ন ও প্রকাশের মতো একটি সুক্ষ্ম কাজের জন্য দক্ষ ও প্রশিক্ষনের অভাব কাজের প্রতিটি ক্ষেত্রেই অনুভূত হয়েছে।

৩. এ ধরনের পরিকল্পনা বই প্রণয়ন ও প্রকাশ করতে গিয়ে নির্দিষ্ট রূপরেখার না থাকায় সকলের মধ্যে সংশয় ও দ্বিধা পরিলক্ষিত হয়েছে।

৪. উপজেলা পর্যায়ে বিভিন্ন সেক্টরে তথ্যের ঘাটতি রয়েছে। তাই সংশি- ষ্ট সেক্টরের বর্তমান তথ্যের ভিত্তিতে পরিকল্পনা বই প্রণয়ন ও প্রকাশ করা বেশ কষ্টসাধ্য বিষয়।

৫. চাহিদা ও সম্পদের অসামঞ্জস্যতা থাকায় প্রকল্প বাছাইকরণে বেশ বেগ পেতে হয়েছে।

৬. সম্পদের সীমাবদ্ধতার কারনে সংশি- ষ্ট কমিটিকে বিভিন্ন বিকল্প চিন্ড়া করতে হয়েছে।

৭. পরিকল্পনা প্রণয়ন ও বাস্ড়বায়নের ক্ষেত্রে প্রেরণা প্রদানের অপ্রতুলতাও রয়েছে।

উপজেলার মানচিত্র

UPAZILA MAP
UPAZILA BARISHAL SADAR
DISTRICT BARISHAL
UPAZILA MULADI
UPAZILA BABUGANJ
UPAZILA MEHENDIGAN
UPAZILA JHALAKATI SADAR
DISTRICT JHALAKATI
UPAZILA NALCITY
DISTRICT JHALAKATI
UPAZILA BAKARGANJ
UPAZILA BHOLA SADAR
DISTRICT BHOLA
Shayestabad
Kashipur
Char Baria
Char Monai
Roypasha Karapur
BARISHAL SADAR
BARISHAL
Char Kowa
Chandpur
Tungibaria
Jagua
Chandra Mohan
To Bhola sadar
To Jhalakati
Arial Khan River
LOHALIA RIVER
N
SCALE
R.F. 1: 1,00,000
LEGEND
Administrative Boundary
Administrative Headquarters
Physical Infrastructures
Natural Features
Socio-Economic Infrastructures
PREPARED BY : GIS UNIT
LOCAL GOVERNMENT ENGINEERING DEPARTMENT

জনসংখ্যাতাত্বিক ও আর্থ - সামাজিক মৌলিক তথ্য ও উপাত্ত

বরিশাল সদর উপজেলা ১০ টি ইউনিয়ন এবং ১ টি সিটি কর্পোরেশন নিয়ে গঠিত যার আয়তন ৩২৪.৪ বর্গ কিমি এবং জনসংখ্যা ৫২৭০১৭ জন।

সদর উপজেলার জনসংখ্যার ঘনত্ব প্রতি বর্গ কিলোমিটারে ১৬২৫ জন। উপজেলায় পর্যাপ্ত সংখ্যক গুরুত্বপূর্ণ সরকারি অবকাঠামো (যেমনঃ হাট বাজার, হাসপাতাল, উপ স্বাস্থ্য কেন্দ্র, বিদ্যালয়) এর উপস্থিতি বিভিন্ন সরকারি সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার ক্ষেত্রে উলেখযোগ্য ভূমিকা রাখছে। এছাড়া নদী এলাকা হওয়ার ফলে এ উপজেলায় অনেক খেয়াঘাট আছে এবং গত বছরেরর তুলনায় খেয়াঘাটের সংখ্যা ৩ টি বেড়েছে। পাকা রাস্তা এবং ব্রিজ/কালভার্ট এর পরিমাণ গত বছরের তুলনায় যথাক্রমে ৩০ কি.মি. এবং ৭৫০ মিটার বেড়েছে।

গুরুত্বপূর্ণ আর্থ-সামাজিক সূচকগুলোর মধ্যে এসডিজি - ১ সূচকে "মাথাপিছু দারিদ্র্য এর হার" ১৯.৫ % যেখানে জাতীয় পর্যায়ে ২০.৫ % রয়েছে। এসডিজি - ৪ (শিক্ষার হারঃ প্রাথমিক সমাপ্ত) সূচকেও আগের বছরের তুলনায় অবস্থার উন্নতি হয়ে ৯৬% এ পৌঁছেছে। এসডিজি - ৬ সূচকে "নলকূপের পানি সরবারাহের আওতাধীন পরিবার" এর সংখ্যা ৬৮% এবং "কলের পানি সরবারাহের আওতাধীন পরিবার" সংখ্যা ৩২% এ উন্নীত হয়েছে। এসডিজি - ৭ সূচকে "বিদ্যুত সরবরাহের আওতাধীন পরিবার" এর সংখ্যা ১০০ % উন্নীত হয়েছে।

বিষয়	বরিশাল সদর পরিমাণ/ সংখ্যা	বরিশাল সিটি কর্পোরেশন পরিমাণ/ সংখ্যা	উৎস/বছর
উপজেলার রূপরেখা			
জেলা সদর থেকে দূরত্ব	০২ কিঃমিঃ		২০২২ সাল পর্যন্ত/ উপজেলা পরিসংখ্যান অফিস
আয়তন	২৬৩.৫৬ বর্গ কিমি	৬০.৮৪ বর্গ কিমি	২০২২ সাল পর্যন্ত/ উপজেলা পরিসংখ্যান অফিস, উপজেলা ভূমি অফিস
জনসংখ্যা	১৯৮৭৩৯	৩২৮২৭৮	২০২২ সাল পর্যন্ত/ উপজেলা পরিসংখ্যান অফিস
জনসংখ্যা বৃদ্ধির হার	১.২৮ %		২০২২ সাল পর্যন্ত/ উপজেলা পরিসংখ্যান অফিস
শিক্ষার হার	৬৯.৩	৬৯.৩	২০২২ সাল পর্যন্ত/ উপজেলা পরিসংখ্যান অফিস
খানা/ পরিবার	৪২০৬৫	৭২৭০৯	২০২২ সাল পর্যন্ত/ উপজেলা পরিসংখ্যান অফিস
জনসংখ্যার ঘনত্ব	১৬২৫	৫৩৯৬	২০২২ সাল পর্যন্ত/ উপজেলা পরিসংখ্যান অফিস
গ্রাম/মহল্লা সংখ্যা	১৪৭	২৩০	২০২২ সাল পর্যন্ত/ উপজেলা পরিসংখ্যান অফিস, উপজেলা ভূমি অফিস
মৌজার সংখ্যা	১৪২		২০২২ সাল পর্যন্ত/ উপজেলা পরিসংখ্যান অফিস, উপজেলা ভূমি অফিস
ইউনিয়ন সংখ্যা	১০		২০২২ সাল পর্যন্ত/ উপজেলা পরিসংখ্যান অফিস, উপজেলা ভূমি অফিস

	গুরত্বপূর্ণ সরকারি/ গণ অবকাঠামো		
হাট-বাজার	২১	৫১	২০২২ সাল পর্যন্ত/ উপজেলা পরিসংখ্যান অফিস, ইউএনও অফিস
নদ-নদীর সংখ্যা	০৭		২০২২ সাল পর্যন্ত/ উপজেলা পরিসংখ্যান অফিস, উপজেলা ভূমি অফিস
প্রজনন কেন্দ্র	১		২০২২ সাল পর্যন্ত/ উপজেলা প্রাণিসম্পদ অফিস
হাসপাতাল	১		২০২২ সাল পর্যন্ত/ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস
স্বাস্থ্য কেন্দ্র	১০		২০২২ সাল পর্যন্ত/ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস
ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র	১০		২০২২ সাল পর্যন্ত/ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস
তহশিল অফিস	১০		২০২২ সাল পর্যন্ত/ উপজেলা ভূমি অফিস
টেলিফোন এক্সচেঞ্জ	১		২০২২ সাল পর্যন্ত/ উপজেলা পরিসংখ্যান অফিস, ইউএনও অফিস
ডাকঘর	১৯		২০২২ সাল পর্যন্ত/ উপজেলা পরিসংখ্যান অফিস
প্রাথমিক বিদ্যালয়	১৪৭	৫৬	২০২২ সাল পর্যন্ত/ উপজেলা শিক্ষা অফিস
মাধ্যমিক বিদ্যালয়	৫৩	৩৯	২০২২ সাল পর্যন্ত/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
বিশ্ববিদ্যালয়/ কলেজ	১০	১৪	২০২২ সাল পর্যন্ত/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
মাদরাসা	২৭	১০	২০২২ সাল পর্যন্ত/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
মসজিদ	৫৩৯	৩৫১	২০২২ সাল পর্যন্ত/ উপজেলা পরিসংখ্যান অফিস, ইসলামি ফাউন্ডেশন
মন্দির	২২	২৮	২০২২ সাল পর্যন্ত/ উপজেলা পরিসংখ্যান অফিস
গির্জা	-	০৪	২০২২ সাল পর্যন্ত/ উপজেলা পরিসংখ্যান অফিস
যোগাযোগঃ পাকা রাস্তা..... কি.মি. কাঁচা রাস্তা..... কি.মি. ব্রীজ/ কালভার্ট..... টি	 ৩৫২.৪৯ কি.মি. ৫২০.৭৩ কিঃমিঃ ৭৭৫ টি		২০২২ সাল পর্যন্ত/ উপজেলা প্রকৌশল অফিস
ধর্মঃ ১। ইসলাম .....% ২। হিন্দু .....%	ধর্মঃ ১। ইসলাম ৯৫.৬৩% ২। হিন্দু ৪.৩৫%	ধর্মঃ ১। ইসলাম ৮৯.৩০% ২। হিন্দু ৯.৭০%	২০২২ সাল পর্যন্ত/ উপজেলা পরিসংখ্যান অফিস

৩। খ্রিস্টান, বৌদ্ধ ও অন্যান্য..... %	৩। খ্রিস্টান, বৌদ্ধ ও অন্যান্য .০২ %	৩। খ্রিস্টান, বৌদ্ধ ও অন্যান্য ১ %	
গুরুত্বপূর্ণ আর্থ-সামাজিক তথ্য			
মাথাপিছু দারিদ্র্যের হার (%) (এসডিজি-১)	১৯.৫%		২০২২ সাল পর্যন্ত/ উপজেলা পরিসংখ্যান অফিস
কম ওজনের শিশুর হার (%) (এসডিজি-২)	০২%		২০২১ সাল পর্যন্ত উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস, উপজেলা পরিবার পরিকল্পনা অফিস
৫ বছরের কম বয়সী শিশু মৃত্যুর হার (এসডিজি- ৩)	০১%		২০২২ সাল পর্যন্ত/ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস, উপজেলা পরিবার পরিকল্পনা অফিস
শিক্ষার হার: প্রাথমিক সমাপ্ত (১৮ বছর বা অধিক বয়সী) (%)(এসডিজি ৪)	৯৬%		২০২২ সাল পর্যন্ত/ উপজেলা পরিসংখ্যান অফিস, উপজেলা শিক্ষা অফিস
উপজেলা, ইউনিয়ন ও পৌরসভায় নারী সদস্য সংখ্যা (%) (এসডিজি ৫)	২০%		২০২২ সাল পর্যন্ত/ উপজেলা পরিসংখ্যান অফিস
কলের পানি সরবরাহের আওতাধীন পরিবার (%) (এসডিজি ৬)	৩২%		২০২২ সাল পর্যন্ত/ উপজেলা পরিসংখ্যান অফিস, উপজেলা জনস্বাস্থ্য অফিস
নলকূপের পানি সরবরাহের আওতাধীন পরিবার (%) (এসডিজি ৬)	৬৮%		২০২২ সাল পর্যন্ত/ উপজেলা পরিসংখ্যান অফিস, উপজেলা জনস্বাস্থ্য অফিস
বিদ্যুৎ সরবরাহের আওতাধীন পরিবার (%) (এসডিজি ৭)	১০০%		২০২২ সাল পর্যন্ত/ উপজেলা পরিসংখ্যান অফিস, পল্লী বিদ্যুৎ অফিস

উপজেলার পরিস্থিতি বিশ্লেষণ

বরিশাল সদর উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন ও পঞ্চবার্ষিক পরিকল্পনার লক্ষ্য, ফলাফল ও পরিমাপযোগ্য অভিষ্ট নির্ধারন করতে গিয়ে উপজেলা পরিষদ দপ্তর প্রধানদের মাধ্যমে উপজেলায় বিদ্যমান বর্তমান পরিস্থিতি বিশে-ষণ করা হয়। পরিস্থিতি বিশে-ষণে দেখা যে, সকল হস্ড়ান্ড়রিত ডিপার্টমেন্ট/ দপ্তরগুলোতে বিভিন্ন সমস্যা বিদ্যামান রয়েছে। সেই সমস্যাগুলো নিরসনে কি কি কার্যক্রম চলমান আছে চলমান ও কি কি পরিকল্পনা বা পদক্ষেপ নেয়া হয়েছে এবং একই সাথে আর কি ধরনের উদ্যোগ বা পরিকল্পনা নেওয়া যায় তার সুপারিশ করা হয়েছে। কিভাবে বিদ্যামান সমস্যা সমূহ সমাধান করার মাধ্যমে বরিশাল সদর উপজেলার জনগণের জীবনযাত্রার মানের উপর একটা ইতিবাচক পরিবর্তন এনে জনগণের জীবন অধিকতর সহজ করা সম্ভব তার একটি চিত্র দেখা যায়।

বরিশাল সদর উপজেলার পরিস্থিতি বিশে-ষণ করে দেখা যায় যে, যোগাযোগ ও ভৌত অবকাঠামোর সমস্যা সবচেয়ে বেশী এবং স্থানীয় জনগণের সবচেয়ে বেশী সমস্যার সম্মুখীন হচ্ছে যোগাযোগ ব্যবস্থা ভালো না থাকার কারণে। যোগাযোগ ও ভৌত অবকাঠামো এর পরে বেশী সমস্যা ও স্থানীয় জনগণের চাহিদা সবচেয়ে বেশী যথাক্রমে স্বাস্থ্য ও জনস্বাস্থ্য, শিক্ষা, মানবসম্পদ উন্নয়ন, কৃষি ও মৎস্য এবং বন ও পরিবেশ খাতে।

পরিস্থিতি বিশে-ষণ সম্পন্ন হওয়ার পর উপজেলা পরিষদ মাসিক সভায় পরিস্থিতি বিশে-ষণের সকল সমস্যা নিয়ে আলোচনা হয়। উপজেলা পরিষদের সকল অংশীজন (উপজেলা চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানগন, সকল কর্মকর্তা এবং ইউনিয়ন চেয়ারম্যানগন) এর সম্মিলিত আলোচনায় পরিস্থিতি বিশে-ষণে উলে-খিত সমস্যাগুলো নিরসনের জন্য একটি সামগ্রিক দিক নির্দেশনা পাওয়া যায়। উক্ত মাসিক সভায় স্থানীয় জনগণের চাহিদার ভিত্তিতে ও চাহিদা ভিত্তিক মূল্যায়নের মাধ্যমে উপজেলা পরিষদ সকল খাত থেকে ৬টি খাতকে অগ্রাধিকার ভিত্তিতে নির্ধারণ করে পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার লক্ষ্য হিসেবে। যেসব সমস্যা সমাধানের মাধ্যমে উপজেলা

পরিষদ সর্বোচ্চ সংখ্যক ডিপার্টমেন্ট/ দপ্তর এর সমস্যার সমাধানের করতে পারবে তা পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার লক্ষ্য নির্ধারণের সময় গুর"ত্ব প্রদান করা হয়।

পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০১৯-২০ থেকে ২০২৩-২৪) এ যোগাযোগ ও ভৌত, শিক্ষা, স্বাস্থ্য ও জনস্বাস্থ্য, মানব সম্পদ উন্নয়ন, কৃষি ও মৎস্য এবং বন ও পরিবেশ খাতগুলোকে পঞ্চবার্ষিক পরিকল্পনার লক্ষ্য হিসেবে নির্ধারন করা হয়েছে। মানবসম্পদ উন্নয়ন খাতে অনেক গুলো দপ্তর (মৎস্য, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা, পরিবার পরিকল্পনা, কৃষি, শিক্ষা, সমবায়, যুবউন্নয়ন, সমাজসেবা, প্রানিসম্পদ, মহিলা ও শিশু উন্নয়ন, পল-ী উন্নয়ন, ক্ষুদ্র ও কুঠির শিল্প এবং এলজিইডি) সরাসরি উপকৃত হবে।

খাত	সমস্যা / উন্নয়নের প্রতিবন্ধকতার বর্ণনা				সাম্প্রতিক, চলমান এবং / অথবা পরিকল্পিত কার্যাবলি	৫ বছর পরে বিদ্যমান সমস্যা	সুপারিশযোগ্য পদক্ষেপ / পাল্টা ব্যবস্থা
	সমস্যা	*অবস্থান/ এলাকা*	*পরিমাণ/বিস্তৃতি*	*কারণ*			
যোগাযোগ ও ভৌত অবকাঠামো	স্থানীয় বাসিন্দারা স্কুল, কলেজ, উপজেলা সদর, ইউনিয়ন কমপে-ক্স এবং গ্রামীণ বাজারে যেতে পারে না	উপজেলার ১০ টি ইউনিয়ন	১. ৫০ সড়কের ১৬০ কিমি রাস্ড়া (৫০ কিমি রাস্ড়া মেরামত ও পুনঃনির্মাণ ও ১১০ কিমি রাস্ড়া নির্মাণ) ২. ১০০ টি ব্রিজ (৪০ সংস্কার ও ৬০ নির্মাণ), ৩. ১৫০ টি লোহার পুল নির্মাণ ৪. ৯০ টি কালভার্ট নির্মাণ ৫. ৬০ টি ঘাট/ঘাটলা নির্মাণ ৬. ৪০০০ মিটার রাস্ড়া পাইলিং /গাইড ওয়াল নির্মাণ ৭. ৩০ টি যাত্রী ছাওনী নির্মাণ	পর্যাপ্ত রাস্ড়া, ব্রিজ, লোহার পুল, ঘাট/ঘাটলা, গাইড ওয়াল, এবং কালভার্ট এর অভাব	এলজিইডি এর বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ১৪ টি ইউনিয়নের ৩৫ টি সড়কের ১০০ কিমি রাস্ড়া নির্মাণ ও সংস্কার, ৮০ টি ব্রিজ নির্মাণ ও সংস্কার, ১১০ টি লোহার পুল নির্মাণ, ৪০ টি কালভার্ট নির্মাণ, ৩০০০ মিটার রাস্ড়া পাইলিং /গাইড ওয়াল নির্মাণ, ২৫ টি ঘাট/ঘাটলা নির্মাণ এবং ১৫ টি যাত্রী ছাওনী নির্মাণ হবে।	- ১৫ রাস্ড়া / ৬০ কিমি - ৪০ লোহার পুল - ২০ টি ব্রিজ সংস্কার - ৫০ কালভার্ট - ৩৫ টি ঘাট/ঘাটলা - ১০০০ মিটার গাইড ওয়াল - ১৫ টি যাত্রী ছাওনী	- উপজেলা পরিষদ ১৫ টি সড়কের ৬০ কিমি রাস্ড়া নির্মাণ এবং মেরামত করবে। - ৪০ লোহার পুল নির্মাণ করবে। - ২০ টি ব্রিজ সংস্কার করবে। - ৫০ টি কালভার্ট নির্মাণ করবে। - ৩৫ টি ঘাট/ঘাটলা নির্মাণ করবে। - ১০০০ মিটার রাস্ড়া পাইলিং /গাইড ওয়াল নির্মাণ করবে। - ১৫ টি যাত্রী ছাওনী নির্মাণ করবে।
স্বাস্থ্য	জনগণ সঠিকভাবে উপজেলা স্বাস্থ্য কমপে-ক্স, ইউনিয়ন স্বাস্থ্য কমপে-ক্স এবং কমিউনিটি ক্লিনিক থেকে চিকিৎসা পায় না	উপজেলার ১০ টি ইউনিয়ন	উপজেলা স্বাস্থ্য কমপে-ক্স, ৫ ইউনিয়ন স্বাস্থ্য কমপে-ক্স, ২৩ কমিউনিটি ক্লিনিক মেরামত এবং ৭ টি ইউএসসি ও ৪৯ টি সিসিতে আসবাবপত্র সরবরাহ এবং বিভিন্ন হাসপাতালের ১০ টি ভবন মেরামত করবে।	১. দুর্বল অবকাঠামো ২. আসবাবপত্র ও চিকিৎসা সরঞ্জামের অভাব ৩. জনবল সংকট ৪. উপজেলা হেলথ কমপে-ক্সে এ্যাম্বুলেন্স ও এক্স-রে মেশিনের সংকট ৫. স্বাস্থ্য বিষয়ের উপর প্রশিক্ষণের অভাব।	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বিভিন্ন প্রকল্পের মাধ্যমে উপজেলা স্বাস্থ্য কমপে-ক্সে ভবন, ৫ টি ইউনিয়ন স্বাস্থ্য কমপে-ক্স এবং ১০ টি কমিউনিটি ক্লিনিক মেরামতের কাজ করবে	- ১৩ টি কমিউনিটি ক্লিনিক - ৪০ জন জনবল সংকট (ইউএসসি এবং ইউএইচসি) - আসবাবপত্র ও চিকিৎসা সরঞ্জাম (৪৯টি সিসি এবং ৭টি ইউএসসি) - ১টি এ্যাম্বুলেন্স ও ২ এক্স-রে মেশিন (ইউএইচসি) - বিভিন্ন হাসপাতালের ১০ টি ভবন মেরামত - স্বাস্থ্য বিষয়ের উপর প্রশিক্ষণের অভাব।	- উপজেলা পরিষদ ১৩ টি কমিউনিটি ক্লিনিক মেরামতের কাজ করবে - ৪৯টি সিসি এবং ৭টি ইউএসসিতে আসবাবপত্র ও চিকিৎসা সরঞ্জাম সরবরাহ করবে। - ৪০ জন জনবল নিয়োগের জন্য মন্ত্রণালয়কে চাহিদার তালিকাসহ চিঠি পাঠাবে। - ১টি এ্যাম্বুলেন্স ও ২ এক্স-রে মেশিন সরবরাহের জন্য মন্ত্রণালয়কে সুপারিশ করবে। - বিভিন্ন হাসপাতালের ১০ টি ভবন মেরামত করবে - স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান
জনস্বাস্থ্য	জনগণ বিশুদ্ধ পানি পান করতে পারে না।	উপজেলার ১০টি ইউনিয়ন	২৪০০ টি গভীর নলকূপ প্রয়োজন।	পর্যাপ্ত গভীর নলকূপের অভাব	অগ্রাধিকার ভিত্তিতে, ডিপিএইচই এর বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ২০০০	- ৪০০ টি গভীর নলকূপ	উপজেলা পরিষদ ৪০০ টি গভীর নলকূপের সমস্যার সমাধান করবে।

					গভীর নলকূপ স্থাপন কাজ হবে।		
জনস্বাস্থ্য	স্থানীয় জনগণ স্বাস্থ্যসম্মত ও টেকসই টয়লেট ব্যবহার করতে পারেনা।	উপজেলার ১০টি ইউনিয়ন	৫০০ টি টয়লেট এবং ১০০ টি ওয়াশব-ক নির্মাণ এর প্রয়োজন	পর্যাপ্ত ওয়াশব-ক এবং স্বাস্থ্যসম্মত ও টেকসই টয়লেটের অভাব	অগ্রাধিকার ভিত্তিতে, ডিপিএইচই এর বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ৩০০ টি স্বাস্থ্যসম্মত টয়লেট এবং ৭০ টি ওয়াশব-ক নির্মাণ করবে।	- ২০০ টি স্বাস্থ্যসম্মত টয়লেট - ৩০ টি ওয়াশব-ক	উপজেলা পরিষদ ২০০ টি স্বাস্থ্যসম্মত টয়লেট এবং ৩০ টি ওয়াশব-ক নির্মাণ করবে।
প্রাথমিক শিক্ষা	বিদ্যালয়ে শিক্ষার্থীদের উপস্থিতির হার কমে যাচ্ছে।	১০ টি ইউনিয়ন	২০০ টি প্রাথমিক বিদ্যালয়	১. ১২৫ টি প্রাথমিক বিদ্যালয়ে গড়ে ২-৩ জন করে শিক্ষক সংকট ২. মানসম্মত পাঠদানের অভাব ৩. ১৮০ টি বিদ্যালয়ের জরাজীর্ণ / দূর্বল অবকাঠামো ৪. ৬০ টি শিক্ষা প্রতিষ্ঠানে প্রয়োজনীয় শিক্ষা উপকরণ ও আসবাবপত্রের অভাব ৫. দিনমজুর ও মাছধরার কাজে শিশুদের সম্পৃক্ত থাকা। ৬. বিদ্যালয়ে আধুনিক সুযোগ সুবিধার অভাব। ৭. স্কুলে আসবাবপত্রের অভাব।	১. পিইডিপি - ৪ থেকে প্রতি বছর ১২টি বিদ্যালয়ের নতুন ভবন নির্মান কাজ চলমান আছে। ২. পিইডিপি - ৪ থেকে প্রতি বছর ২০ টি বিদ্যালয়ে মেরামতের কাজ চলমান আছে। ৩. স্কুল ফিডিং প্রোগ্রামের মাধ্যমে ২৮১ টি বিদ্যালয়ে শিশুদের খাবারের জন্য বিস্কুট সরবরাহ করা হচ্ছে। ৪. উপবৃত্তি প্রকল্প থেকে সকল শিশুদের উপবৃত্তি প্রদান করা হচ্ছে।	- শিক্ষক সংকট - মানসম্মত পাঠদানের অভাব - ৮০ টি বিদ্যালয়ের দূর্বল অবকাঠামো - দিনমজুর ও মাছধরার কাজে শিশুদের সম্পৃক্ত থাকা। - বিদ্যালয়ে আধুনিক সুযোগ সুবিধার অভাব। -স্কুলে প্রয়োজনীয় শিক্ষা উপকরণ ও আসবাবপত্রের অভাব।	- অগ্রাধিকার ভিত্তিতে ৬০ টি স্কুলে আসবাবপত্র সরবরাহ - ৮০ টি বিদ্যালয়ের অবকাঠামোগত উন্নয়ন সীমানা প্রাচীর নির্মাণ, হলর‍ুম নির্মাণ, শ্রেণিকক্ষ নির্মাণ, শ্রেণিকক্ষ সংস্কার ও সম্প্রসারণ এবং হলর‍ুম নির্মাণ, ভবন নির্মাণ, ভবন সংস্কার) - উপজেলা পরিষদ ৫০ টি বিদ্যালয়ে ১ জন করে প্যারা শিক্ষক নিয়োগের ব্যবস্থা করবে। -শিক্ষক নিয়োগের জন্য উপজেলা পরিষদ মন্ত্রণালয়কে চিঠির মাধ্যমে সুপারিশ করবে - প্রতি বছর ৬০ জন শিক্ষককে আইসিটির উপর প্রশিক্ষণ - বিদ্যালয় আধুনিকীকরণের জন্য মন্ত্রণালয়ে সুপারিশ পাঠানো
মাধ্যমিক শিক্ষা	শিক্ষার্থীদের উপস্থিতির হার কমে যাচ্ছে।	১০ টি ইউনিয়ন	১২০ টি শিক্ষা প্রতিষ্ঠান।	১. ১০০ টি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক এবং মদ্রাসা সমূহে শিক্ষা উপকরণ এবং বেঞ্চ ও টেবিলসহ বিভিন্ন আসবাবপত্রের স্বল্পতা ২. ৮০ টি শিক্ষা প্রতিষ্ঠান সমূহের দূর্বল অবকাঠামো। ৩. মানসম্মত পাঠদানের অভাব ৪. ১৪৮ টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ৫০ টি শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া প্রজেক্টর নাই। ৫. ৫০ টি বিদ্যালয়ে ক্রীড়া সামগ্রীর অভাব	অগ্রাধিকার ভিত্তিতে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর আগামী ৫ বছরে ৪০ টি শিক্ষা প্রতিষ্ঠান এর অবকাঠামোগত উন্নয়ন করবে এবং শিক্ষা উপকরণ ও আসবাবপত্র সরবরাহ করবে।	১। ৬০ টি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা উপকরণ ও আসবাবপত্র এবং ৪০ টি শিক্ষা প্রতিষ্ঠান অবকাঠামোগত সমস্যা। ২। মানসম্মত পাঠদান সমস্যা। ৩। ৫০ টি শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া প্রজেক্টর সমস্যা । ৪। ৫০ টি বিদ্যালয়ে ক্রীড়া সামগ্রীর অভাব	১. উপজেলা পরিষদ আগামী ৫ বছরে ৪০ টি শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামোগত উন্নয়ন (সীমানা প্রাচীর নির্মাণ, হলর‍ুম নির্মাণ, শ্রেণিকক্ষ নির্মাণ, শ্রেণিকক্ষ সংস্কার ও সম্প্রসারণ এবং হলর‍ুম নির্মাণ, ভবন নির্মাণ, ভবন সংস্কার) করবে এবং ৬০ টি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা উপকরণ ও আসবাবপত্র সরবরাহ করবে। ২. শিক্ষকদেরকে আইসিটির উপর প্রশিক্ষণ প্রদান ৩. ৫০ টি বিদ্যালয়ে ক্রীড়া সামগ্রী সরবরাহ করবে ৪. ৫০ টি শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া প্রজেক্টর সরবরাহ করবে

মৎস্য	মৎস্য উৎপাদন যথাযথভাবে বৃদ্ধি পাচ্ছেনা।	১০ টি ইউনিয়ন	৫০০০ মৎস্যজীবী	- মৎস্য সম্প্রসারণ ও মৎস্য সংরক্ষণ কার্যক্রম যথাযথ ভাবে বাস্ড়বায়ন না হওয়ার কারণে - মৎস্য ব্যবসায়ী ও মৎস্যজীবীদের জন্য মৎস্য খাতের দূর্বল অবকাঠামো - মৎস্য বিষয়ক প্রশিক্ষণের অভাব	সমস্যা সমাধানের কোন কার্যক্রম এই মুহূর্তে চলমান নেই।	৫০০০ মৎস্যজীবী	উপজেলা পরিষদ প্রতি বছর মৎস্য সম্প্রসারণ ও মৎস্য সংরক্ষণ কার্যক্রম যথাযথ বাস্ড়বায়নে এবং মৎস্য খাতের অবকাঠামোগত উন্নয়নের জন্য এডিপি থেকে প্রতি বছর ৪ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করবে। এছাড়া মৎস্য বিষয়ক প্রশিক্ষণ প্রদান করবে। এছাড়া মৎস্য সংরক্ষণ কার্যক্রম এর বরাদ্দ বৃদ্ধির জন্য মৎস্য অধিদপ্তরকে চিঠি দিতে পারে।
কৃষি	উৎপাদন বৃদ্ধি পাচ্ছে না।	১০ টি ইউনিয়ন	৬৪০০০ হাজার কৃষকের মধ্যে ৭০% কৃষক।	১. কৃষিতে আধুনিক যন্ত্রপাতির অপ্রতুলতা ২. পর্যাপ্ত খাল ড্রেজিং এর অভাব ৩. কাঁচা সেচ নালা ৪. পর্যাপ্ত হালট ড্রেজিং এর অভাব। ৫. পর্যাপ্ত আধুনিক কৃষি উপকরণের অভাব ৬. দূর্বল বেড়িবাঁধ ব্যবস্থা। ৭. কৃষকদের কৃষি বিষয়ক পর্যাপ্ত প্রশিক্ষণ এর অভাব ৮. পর্যাপ্ত ইউড্রেন এর অভাব	কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিভিন্ন প্রকল্পের মাধ্যমে কৃষিতে আধুনিক যন্ত্রপাতির ব্যবহার নিশ্চিত করার কাজ চলমান আছে। আগামী পাঁচ বছরের মধ্যে ৭০% (আধুনিক যন্ত্রপাতিও উন্নত কৃষি উপকরণ ব্যবহার না করা কৃষকের হার) থেকে কমিয়ে ৩০% করা হবে।	- ৩০% কৃষক (আধুনিক যন্ত্রপাতি ও উন্নত কৃষি উপকরণ ব্যবহার না করা কৃষকের হার) - পর্যাপ্ত হালট ড্রেজিং এর অভাব। - পর্যাপ্ত আধুনিক কৃষি উপকরণের অভাব - দূর্বল বেড়িবাঁধ ব্যবস্থা। - পর্যাপ্ত প্রশিক্ষণ এর অভাব - পর্যাপ্ত ইউড্রেন এর অভাব	- উপজেলা পরিষদ বাকি ৩০% কৃষকদের আধুনিক যন্ত্রপাতি ও উন্নত কৃষি উপকরণ ব্যবহার নিশ্চিত করবে। - খাল ও হালট ড্রেজিং এর জন্য যথাযথ কর্তৃপক্ষের কাছে সুপারিশ করবে। - আধুনিক সেচনালা ব্যবহার নিশ্চিত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। - বেড়িবাঁধ নির্মাণের জন্য যথাযথ কর্তৃপক্ষের সাথে যোগাযোগ। - কৃষকদের কৃষি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করবে। - ইউড্রেন নির্মাণ করবে।
পরিবার পরিকল্পনা	স্থানীয় জনগণ যথাযথভাবে পরিবার পরিকল্পনা সংক্রান্ড় সেবা পাচ্ছনা।	ঊরিশাল সদর উপজেলা	- দুই ইউনিয়নের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের দূর্বল অবকাঠামো ও আসবাবপত্র সংকট - প্রশিক্ষণের অভাব।	১. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের দূর্বল অবকাঠামো ২. আসবাবপত্র সংকট ৩. পর্যাপ্ত প্রশিক্ষণের অভাব।	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর থেকে দুইটি কেন্দ্রের অবকাঠামোগত উন্নয়ন করা হবে আগামী পাঁচ বছরের মধ্যে।	- আসবাবপত্র সংকট -প্রশিক্ষণের অভাব	- উপজেলা পরিষদ উক্ত দুইটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে আসবাবপত্র সরবরাহ করবে। - পরিবার পরিকল্পনার বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান।
সমাজসেবা	সুবিধাভোগীদের যথাযথভাবে সেবা দেওয়া সম্ভব হচ্ছেনা।	১০ টি ইউনিয়ন	১. ৯ জন মাঠ কর্মী আছে কিন্তু যথেষ্ট দক্ষ না। ২. ৬ জন নতুন মাঠ কর্মীর প্রয়োজন। ৩. দুইটি ফার্নিচার প্রয়োজন	১. দক্ষ জনবলের অভাব ও জনবল সংকট ২. সমাজসেবা অফিসের নথিপত্র সংরক্ষণের জন্য পর্যাপ্ত ফার্নিচারের স্বল্পতা।	সমস্যা সমাধানের কোন কার্যক্রম এই মুহূর্তে চলমান নেই।	১. ৯ জন মাঠ কর্মী আছে কিন্তু যথেষ্ট দক্ষ না। ২. ৬ জন নতুন মাঠ কর্মীর প্রয়োজন। ৩. দুইটি ফার্নিচার প্রয়োজন	উপজেলা পরিষদ সমাজসেবা অফিসে দুইটি ফার্নিচার সরবরাহ করবে। উপজেলা পরিষদ সমাজসেবা অফিসের জনবল সংকট দূরীকরণের জন্য সমাজসেবা অধিদপ্তর এর কাছে চিঠি দিবে। কর্মরত মাঠ কর্মী এবং অফিস কর্মীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণের ব্যবস্থা করবে।
পল-ী উন্নয়ন	পল-ী উন্নয়ন অফিস থেকে	১০ টি ইউনিয়ন	১. ৮ জন নতুন মাঠ কর্মীর	১. পল-ী উন্নয়ন অফিসে জনবল সংকট।	নিয়োগ প্রক্রিয়া শুর" হয়েছে এবং আগামী ৫	- একটি পল-ী উন্নয়ন ভবন	উপজেলা পরিষদ বাকেরগঞ্জ উপজেলায় পল-ী উন্নয়ন

	স্থানীয় জনগনকে সঠিকভাবে সেবা গ্রহণ করতে পারছেনা।		প্রয়োজন। ২. উপজেলায় একটি পল-ী উন্নয়ন ভবন প্রয়োজন। ৩. মাঠ কর্মীরা যথেষ্ট দক্ষ না।	২. উপজেলায় পল-ী উন্নয়নের নিজস্ব ভবন নেই। ৩. দক্ষ মাঠ কর্মীর অভাব।	বছরের মধ্যে জনবল সংকটের সমস্যা সমাধান হয়ে যাবে।	- দক্ষ মাঠ কর্মীর অভাব।	ভবন এর জন্য মন্ত্রণালয় কে চিঠি দিতে পারে। এছাড়া উপজেলা পরিষদ পল-ী উন্নয়ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করতে পারে।
প্রানিসম্পদ	খামারিরা তাদের গবাদি পশু-পাখিদের জন্য পর্যাপ্ত চিকিৎসা পায় না।	১০ টি ইউনিয়ন	৮০০ জন খামারি	১. উপজেলা প্রানিসম্পদ অফিসে অপ্রর্যাপ্ত যানবাহন (৩টি মটর সাইকেল) ২. পর্যাপ্ত অফিস কম্পিউটার নাই (একটি ল্যাপটপ) ৩. খামারিদের পর্যাপ্ত প্রশিক্ষণের অভাব। ৪. গবাদি পশুর ঔষধের দাম অনেক।	১. প্রানি সম্পদ উন্নয়ন প্রকল্পের মাধ্যমে খামারিদেরকে প্রশিক্ষণ প্রদান করা হবে। ২. ইউটুসি প্রকল্পের মাধ্যমে বাড়ি বাড়ি গিয়ে গবাদি পশুর রোগ নির্ণয় ও চিকিৎসা প্রদান করা হবে।	১. উপজেলা প্রানিসম্পদ অফিসে অপ্রর্যাপ্ত যানবাহন (৩টি মটরা সাইকেল) ২. পর্যাপ্ত অফিস কম্পিউটার নাই (একটি ল্যাপটপ) ৩. খামারিদের পর্যাপ্ত প্রশিক্ষণের অভাব।	উপজেলা পরিষদ প্রানিসম্পদ অফিসকে মটরসাইকেল এবং ল্যাপটপ প্রদান করতে পারে অথবা প্রানিসম্পদ অধিদপ্তরে সুপারিশ করতে পারে। এছাড়া উপজেলা পরিষদ প্রানিসম্পদ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করতে পারে।
সমবায়	স্থানীয় সমবায় সমিতির সদস্যরা সঠিকভাবে সেবা পাচ্ছেনা।	উপজেলার ১০টি ইউনিয়ন	উপজেলার ২০০ সমবায় সমিতির ৪ হাজার সমবায়ী	১. উপজেলা সমবায় কর্মকর্তা এর কার্যালয়ে পর্যাপ্ত জনবলের অভাব। ২. সমবায়ীদের পর্যাপ্ত প্রশিক্ষণের অভাব।	সমস্যা সমাধানের কোন কার্যক্রম এই মুহুর্তে চলমান নেই।	উপজেলার ২০০ সমবায় সমিতির ৪ হাজার সমবায়ী	প্রকল্পভিত্তিক জনবল নিয়োগের জন্য উপজেলা পরিষদ মন্ত্রণালয়কে সুপারিশ করতে পারে। কমপক্ষে ১০ জন জনবল এর প্রয়োজন। উপজেলা পরিষদ এডিপির মাধ্যমে সমবায়ীদের জন্য ট্রেডভিত্তিক প্রশিক্ষণের ব্যবস্থা করতে পারে।
যুব উন্নয়ন	বাকেরগঞ্জ উপজেলার যুবকরা যুব উন্নয়ন অধিদপ্তর এর প্রশিক্ষণ করার আগ্রহ কমে যাচ্ছে।	১০ টি ইউনিয়ন	শত শত প্রশিক্ষণার্থী যুবক	১. পর্যাপ্ত প্রশিক্ষণের অভাব। ২. প্রশিক্ষণে প্রশিক্ষণ ভাতা না থাকার কারণে।	উপজেলা পর্যায়ে যুব উন্নয়ন সেন্টার (নতুন বিল্ডিং) নির্মাণ করা হবে। তখন অনেক অনেক প্রশিক্ষণ প্রোগ্রাম থাকবে এবং সেই সকল প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীদের ভাতাও থাকবে।	৫ বছর পর আর কোন সমস্যা থাকবেনা।	উপজেলা পরিষদ প্রতি অর্থ-বছরে ২৫ জন স্থানীয় যুবকদেরকে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ তৈরিতে সহায়তা করতে পারে।
মহিলা বিষয়ক	মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবী মহিলা সংগঠনের নারী সদস্যরা নিজেদের আত্মকর্মসংস্থান সৃষ্টির করতে পারছেনা	১০ টি ইউনিয়ন	৩০০০ নারী সদস্য	পর্যাপ্ত আত্মকর্মসংস্থান মূলক প্রশিক্ষণের অভাব	মহিলা বিষয়ক অধিদপ্তর থেকে আগামী পাঁচ বছরের মধ্যে ২৫০০ জন নারী সদস্যদের হাঁস-মুরগী পালন,মাছ চাষ, হালকা কৃষি, দর্জি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করবে।	৫০০ জন নারী সদস্য	উপজেলা পরিষদ ৫০০ জন নারী সদস্যদেরকে বিভিন্ন বিষয়ের (আত্মকর্মসংস্থান) উপর প্রশিক্ষণ প্রদান করতে পারে। এছাড়া গরীব ও দুস্ড় মহিলাদের (দর্জির প্রশিক্ষণপ্রাপ্ত) মাঝে সেলাই মেশিন বিতরণ করতে পারে।
বন ও পরিবেশ	খেজুর গাছ ও তাল গাছ বিলুপ্ত হয়ে যাচ্ছে।	১০ টি ইউনিয়ন	১০ বছর আগের চেয়ে বর্তমানে তাল গাছ ও খেজুর গাছ ৫০% কমে গেছে। ২ লক্ষ তাল গাছ ও ৪ লক্ষ খেজুর গাছ প্রয়োজন	১. খেজুর গাছ ও তাল গাছ সংরক্ষণ এর অভাবে ২. স্থানীয় জনগণের মধ্যে সচেতনতার অভাবে।	১. বন ও পরিবেশ অধিদপ্তর থেকে সচেতনতা বৃদ্ধির জন্য সার্কেল অনুযায়ী পর্যায়ক্রমে প্রশিক্ষণ প্রদান করা হবে। ২. বন ও পরিবেশ অধিদপ্তর থেকে আগামী পাঁচ বছরে ১ লক্ষ ৫০	৫০ হাজার তাল বীজ এবং ১ লক্ষ খেজুর বীজ ।	উপজেলা পরিষদ লক্ষ্যমাত্রার বাকি ৫০ হাজার তাল বীজ এবং ১ লক্ষ খেজুর বীজ রোপন করবে এবং জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য ক্যাম্পেইন করবে।

					হাজার তাল বীজ এবং ৩ লক্ষ খেজুর বীজ রোপন করবে।		
আইন শৃংখলা (আনসার ও ভিডিপি)	স্থানীয় জনগণকে যথাযথভাবে নিরাপত্তা প্রদান করতে পারছেনা।	১০ টি ইউনিয়ন া	১. প্রতি ইউনিয়নে ১০ জন করে আনসার ও গ্রাম পুলিশ সংকট ২. অফিসে জনবল সংকট ১ জন।	১। ইউনিয়ন পর্যায়ে আনসার ও গ্রাম পুলিশ এর জনবল সংকট ২। অফিসে জনবল সংকট	সমস্যা সমাধানের কোন কার্যক্রম এই মুহূর্তে চলমান নেই।	১. প্রতি ইউনিয়নে ১০ জন করে আনসার ও গ্রাম পুলিশ সংকট ২. অফিসে জনবল সংকট ১ জন।	উপজেলা পরিষদ চাহিদা অনুযায়ী জনবল নিয়োগের জন্য মন্ত্রণালয়ে চিঠি দিতে পারে।

পাঁচ বছরের বাজেট সার-সংক্ষেপ

বরিশাল সদর উপজেলার আগামী পাঁচ বছরের বাজেট সার-সংক্ষেপ পর্যালোচনা করলে দেখা যায় যে, উপজেলা পরিষদের আগামী পাঁচ বছরের জন্য উন্নয়ন তহবিলের সর্বমোট সম্ভাব্য আয় হবে ১৮ কোটি ৫৪ লক্ষ ১৮ হাজার টাকা যেখানে রাজস্ব উদ্বৃত্ত থেকে আয় হবে ৬ কোটি ৪ লক্ষ ১৮ হাজার টাকা, এডিপি (সরকারী অনুদান) থেকে প্রাপ্ত আয় হবে ১০ কোটি টাকা এবং ইউজিডিপি থেকে সম্ভাব্য ২ কোটি ৫০ লক্ষ টাকা পাওয়া যাবে। এই তিনটি উৎসের বরাদ্দের উপর উপজেলা পরিষদের নিয়ন্ত্রন আছে। উপজেলা পরিষদ উক্ত পরিমাণ বরাদ্দের ভিত্তিতে তাদের উন্নয়ন কর্মসূচি গ্রহণ করেছে।

এছাড়া আরও বিভিন্ন উৎস থেকে উপজেলায় উন্নয়ন কার্যক্রম হবে যা পর্যালোচনা করলে দেখা যায় যে, আগামী পাঁচ বছরে উপজেলার জাতীয় উন্নয়ন পরিকল্পনার মোট বরাদ্দ প্রাক্কলিত ৪৫৩ কোটি ৫ লক্ষ টাকা। এছাড়া পৌরসভা এবং ইউনিয়নের (এলজিএসপি-৩ থেকে প্রাপ্ত) উন্নয়ন বরাদ্দ যথাক্রমে প্রাক্কলিত ৩৭ কোটি ৫০ লক্ষ টাকা এবং ১৬ কোটি টাকা। জেলা পরিষদ বরিশাল সদর উপজেলার জন্য উন্নয়ন বরাদ্দ সম্ভাব্য প্রাক্কলিত ১২ কোটি ৫০ লক্ষ টাকা রেখেছে এবং এমপির উন্নয়ন বরাদ্দ প্রাক্কলিত ২০ কোটি টাকা এবং এনজিওর উন্নয়ন বরাদ্দ প্রাক্কলিত ২২ কোটি ৫০ লক্ষ টাকা।

ক্রমিক নং	অর্থায়নের উৎস	বার্ষিক গড় বরাদ্দ (লক্ষ টাকা) (অর্থবছর ২০১৯-২০)	৫ বছরের বাজেট (লক্ষ টাকা) (বার্ষিক বরাদ্দ * ৫)
১	বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) মঞ্জুরি	২০০	১০০০
২	বিশেষ কর্মসূচির মঞ্জুরি (ইউজিডিপি)	৫০	২৫০
৩	স্থানীয় ভাবে আহোরিত সম্পদ (পূর্ববর্তী বছরের রাজস্ব উদ্বৃত্ত)	১২০.৮৩৪	৬০৪.১৮
৪	উপজেলার জাতীয় উন্নয়ন পরিকল্পনা থেকে বরাদ্দ	৯০৬১	৪৫৩০৫
৫	পৌরসভা উন্নয়ন কর্মসূচির মঞ্জুরি	৭৫০	৩৭৫০
৬	জেলা পরিষদের উন্নয়ন কর্মসূচির মঞ্জুরি (এডিপি এবং রাজস্ব উদ্বৃত্ত)	২৫০	১২৫০
৭	ইউনিয়ন উন্নয়ন কর্মসূচির মঞ্জুরি	৩২০	১৬০০

	(এলজিএসপি ৩)		
৮	উপজেলায় সংসদ সদস্যের প্রকল্প	৪০০	২০০০
৯	এনজিও	৪৫০	২২৫০

হস্তান্তরিত বিভাগ কর্তৃক উপজেলায় বাস্তবায়িত গুরুত্বপূর্ণ উন্নয়ন কর্মসূচি

বরিশাল সদর উপজেলায় হস্ড়ান্ড়রিত বিভাগ কর্তৃক বাস্ড়বায়িত অনেক গুলো প্রকল্প/কর্মসূচি চলমান আছে। যোগাযোগ ও ভৌত অবকাঠামো (১৫ টি), শিক্ষা (১৮ টি), স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা (০৬ টি), কৃষি ও সেচ (০৭ টি), মৎস্য (০২ টি), প্রানিসম্পদ (০৩ টি), জনস্বাস্থ্য (০৬ টি), মহিলা বিষয়ক (০২ টি), যুব উন্নয়ন (০১ টি), পল-ী উন্নয়ন (০৩ টি), সমবায় (০১ টি), বন ও পরিবেশ (০১ টি), পিআইও বা দূর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় (০২ টি) এই সকল বিভাগের প্রকল্প/কর্মসূচি বাকেরগঞ্জ উপজেলায় এই মুহুর্তে চলমান আছে।

এই সকল প্রকল্প বা কর্মসূচি থেকে প্রতি বছর গড়ে ৯০ কোটি ৬১ লক্ষ টাকা এবং আগামী পাঁচ বছরে প্রাক্কলিত ৪৫৩ কোটি ৫ লক্ষ টাকার উন্নয়ন কর্মকান্ড বাস্ড়বায়ন হবে বাকেরগঞ্জ উপজেলায়। তবে সমাজসেবা দপ্তরের কোন উন্নয়ন প্রকল্প এই মুহুর্তে বরিশাল সদর উপজেলায় চলমান নেই।

পরিকল্পনা/ প্রকল্পের নাম	খাত	অভিষ্ট গোষ্ঠি ও ফলাফলসহ সংক্ষিপ্ত বিবরণ	অভিষ্ঠ এলাকা (পৌরসভা/ইউনিয়নের নাম)	প্রকল্পের মেয়াদ/ বাজেট
অগ্রাধিকার ভিত্তিতে পল-ী অবকাঠামো উন্নয়ন প্রকল্প - ২ (আইআরআইডিপি -২)	যোগাযোগ	পল-ী এলাকার যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়নের মাধ্যমে গ্রামীণ জনগণের যাতায়াত ব্যবস্থা অধিকতর সহজ করা।	বরিশাল সদর উপজেলার সকল ইউনিয়ন	২০১৫-১৬ থেকে ২০১৯-২০ সাল পর্যন্ড় ২,২০,০০,০০০ -/ (২০১৮-১৯ অর্থবছর)
সার্বজনিন সামাজিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প (জিএসআইডিপি)	যোগাযোগ	সামাজিক অবকাঠামো উন্নয়নের মাধ্যমে জনগণের জীবনযাত্রার মানোন্নয়ন করা।	বরিশাল সদর উপজেলার সকল ইউনিয়ন	২০১৮- ১৯ থেকে ২০২২-২৩ সাল পর্যন্ড় ২০,০০,০০০ -/ (২০১৮-১৯ অর্থবছর)
পল-ী সড়ক ও কালভার্ট মেরামত কর্মসূচি (জিওবি মেইন্টেন্যান্স)	যোগাযোগ	পল-ী এলাকার পাকা রাস্ড়া, ব্রিজ কালভার্ট রক্ষণাবেক্ষণএর মাধ্যমে যোগাযোগ ব্যবস্থার উন্নত করা।	বরিশাল সদর উপজেলার সকল ইউনিয়ন	২০১৮-২০১৯ সাল ১,৫০,০০,০০০ -/
গ্রাম সড়ক পুর্নবাসন প্রকল্প (ভিআরআরপি)	যোগাযোগ	গ্রামের সড়ক পুর্নবাসনের মাধ্যমে গ্রাম পর্যায়ে যোগাযোগ ব্যবস্থা অধিকতর সহজ ও উন্নত করা।	বরিশাল সদর উপজেলার সকল ইউনিয়ন	২০১৮- ১৯ থেকে ২০২২-২৩ সাল পর্যন্ড় ৭০,০০,০০০ -/ (২০১৮-১৯ অর্থবছর)
